

কবি নজরুল কলেজ ডিগ্রি পরীক্ষার উত্তর বাইরে থেকে সরবরাহের অভিযোগ

নিম্ন বার্তা পরিবেশক

রাজধানীর কবি নজরুল কলেজে প্রশ্ন থাঁস করে উত্তর তৈরি করে মোটা অঙ্কের টাকা হাতিয়ে নিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। আজ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথমবর্ষের ভর্তি পরীক্ষায় এ ধরনের পরিকল্পনা রয়েছে বলেও অভিযোগ পাওয়া গেছে।

গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি ইংরেজি পরীক্ষার প্রশ্ন হল থেকে বাইরে এনে উত্তর তৈরি করে ক্রমে সরবরাহের অভিযোগ পাওয়া গেছে। এ কাজ করে কলেজের প্রভাবশালী কিছু ছাত্র নেতা কিছু শিক্ষকের সহায়তায়। ছাত্রপ্রতি ১৫/২০ হাজার টাকা করে হাতিয়ে নিয়েছে বলে জানা গেছে। সূত্র আরও জানায়, এই ঘটনায় এক জনকে আটক করা হয়। কিন্তু কলেজের কিছু ছাত্র নেতার হস্তক্ষেপে তাকে ছেড়ে দেয় বলেও সূত্র জানায়। এদিকে আজ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ১ম বর্ষের পরীক্ষাকে কেন্দ্র করেও একই ধরনের পরীক্ষার : পৃষ্ঠা : ২ ক : ৪

পরাম্কার : উত্তর (১৬ পৃষ্ঠার পর)

পরিকল্পনা রয়েছে বলে জানা গেছে। এই পরিকল্পনার আওতায় ভর্তিচ্ছ ছাত্রছাত্রীদের কলেজের প্রভাবশালী ছাত্র নেতারা কিছু শিক্ষকের সহযোগিতায় একটি কক্ষে এনে বসানো হবে। তারপর প্রশ্ন পাওয়ার সঙ্গে সঙ্গে একটি প্রশ্ন বাইরে নিয়ে উত্তর তৈরি করে পূর্ব নির্ধারিত কক্ষে সরবরাহ করা হবে বলে জানা গেছে। কলেজের অধ্যক্ষ শফিকুর রহমান ঘটনার সত্যতা সংবাদকে জানান, এ ধরনের কোন ঘটনা ঘটেনি। আর যে অভিযোগ আসছে তা সঠিক নয়। এ ব্যাপারে জানার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের মোবাইলে বারবার চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি।